গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫. ৩৭১৮

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

**বিষয়: জুলাই ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।**

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ জুলাই ২০২৬ দুপুর ০২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জুন ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, জুন ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

| বিভাগ/দেশ | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:) | বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৩৩৫ | ২৩০ | -৩১.২% | ১৮ | ১৩ |
| ময়মনসিংহ | ৪৪৭ | ৫৪০ | +২০.৬% | ২০ | ২১ |
| চট্টগ্রাম | ৬১৩ | ৩৫১ | -৪১.৮% | ২০ | ১৮ |
| সিলেট | ৬১৯ | ৭৭৮ | +২৫.৭% | ২৪ | ২৭ |
| রাজশাহী | ২৮১ | ১৭৬ | -৩৭.৩% | ১৫ | ১১ |
| রংপুর | ৪১৮ | ৪০৮ | -২.৪% | ১৭ | ২০ |
| খুলনা | ২৯৬ | ২০৮ | -২৯.৫% | ১৫ | ১২ |
| বরিশাল | ৪৬৫ | ২৬৯ | -৪২.২% | ১৮ | ১৪ |
| সারাদেশ | ৪৪৫ | ৩১২ | -২৯.৪% | ১৮ | ১৭ |

জুন ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-২৯.৪%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু ১১ জুন ২০২৬ সারাদেশে বিস্তার লাভ করে। রংপুর বিভাগে স্বাভাবিক; ময়মনসিংহ ও সিলেট বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ৫-৯, ১১-১২, ১৪-২১, ২৩-৩০ জুন ২০২৬ সময়ে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বৃষ্টিপাত এবং দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৭৮ মি.মি. নেত্রকোনায় রেকর্ড (১২ জুন ২০২৬) করা হয়। দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ১-৮, ১৩-১৮ ও ২৫- ২৯ জুন ২০২৬ পর্যন্ত মৃদু থেকে মাঝারী ধরণের তাপপ্রবাহ বয়ে যায়। জুন মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.৬°সে. (যশোর ০৪ জুন ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৮.৫°সে. (নরসিংদী ১৯ জুন ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৯°সে., ০.১°সে. ও ০.৫°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুন ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক জুলাই ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ) | পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা | জুলাই ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৩৭১ | ৩৬০-৩৮০ | ২০ | ১৮-২২ | ৩০-৪০ |
| ময়মনসিংহ | ৪৩৭ | ৪৩০-৪৫০ | ২০ | ১৮-২২ | ৩৫-৪৫ |
| চট্টগ্রাম | ৬৯৪ | ৬৮০-৭২০ | ২৩ | ২১-২৬ | ৩০-৪০ |
| সিলেট | ৫৩৬ | ৫৩০-৫৫০ | ২৬ | ২৩-২৯ | ৩৫-৪৫ |
| রাজশাহী | ৩১১ | ৩০০-৩৩০ | ১৮ | ১৬-২০ | ২৫-৩৫ |
| রংপুর | ৪০৯ | ৪০০-৪২০ | ২১ | ১৯-২৩ | ৩০-৪০ |
| খুলনা | ৩৬২ | ৩৫০-৩৮০ | ২০ | ১৮-২২ | ২৫-৩৫ |
| বরিশাল | ৫৩৫ | ৫৩০-৫৫০ | ২২ | ২০-২৫ | ৩০-৪০ |

১. **বৃষ্টিপাত:** জুলাই ২০২৬ মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
২. **নিম্নচাপ:** বঙ্গোপসাগরে ১-২টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
৩. **বজ্রঝড়:** এ মাসে দেশে ৮-৯ দিন বজ্রপাত হতে পারে।
৪. **তাপমাত্রা:** এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।

৫. **তাপপ্রবাহ:** এ মাসে দেশে ১-২ টি বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৭.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

৬. **নদ-নদীর অবস্থা:** জুলাই মাসে মৌসুমী বৃষ্টিপাত জনিত কারণে দেশের প্রধান নদ-নদীসমূহের পানিসমতল সামগ্রিকভাবে বৃদ্ধি পেতে পারে। ভারি বৃষ্টিপাত জনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

৭. **কৃষি আবহাওয়া:** জুলাই মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ২.৫-৪.৫ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৩.৭৫-৫.৭৫ ঘন্টা থাকতে পারে।

০১/০৭/২৬

(মোঃ নূরুল করিম)
পরিচালক (রুটিন দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd